



২০২৬-২৭ অর্থবছরের ছায়া বাজেট ঘোষণা করবে জামায়াত



ছবি: সংগৃহীত

২০২৬-২৭ অর্থবছরের জাতীয় বাজেট ঘোষণার আগে বিকল্প প্রস্তাব হিসেবে 'ছায়া বাজেট' উপস্থাপন করতে যাচ্ছে জামায়াতে ইসলামী। সংসদের প্রধান বিরোধী দল হিসেবে তারা এবার নিজেদের অর্থনৈতিক পরিকল্পনা তুলে ধরবে।

দলটির কেন্দ্রীয় প্রচার বিভাগ জানিয়েছে, মঙ্গলবার (৯ জুন) দুপুরে রাজধানীর মগবাজারে আল ফালাহ মিলনায়তনে সংবাদ সম্মেলনের মাধ্যমে এই ছায়া বাজেট প্রকাশ করা হবে। জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল ও কেন্দ্রীয় মিডিয়া ও প্রচার বিভাগের প্রধান এহসানুল মাহবুব জুবায়ের জানান, অনুষ্ঠানে দলের আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান ছায়া বাজেট উপস্থাপন করবেন। এ সময় দলের কেন্দ্রীয় নেতারাও উপস্থিত থাকবেন।

এর আগে ৫ জুন জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) আলাদা করে তাদের ছায়া বাজেট প্রকাশ করে। ওই প্রস্তাবে দেশের অর্থনীতিকে ১২টি খাতে ভাগ করে মোট ৭১টি সুপারিশ তুলে ধরা হয়।